“তোমরা চাইলে আমি তোমাদেরকে দিবো, কিন্তু এতে ধনী ও কর্মক্ষম ব্যক্তির অংশ নেই”।

’উবায়দুল্লাহ ইবনু ’আদী ইবনুল খিয়ার সূত্রে বর্ণিত, তিনি বলেন, দু’ ব্যক্তি আমাকে সংবাদ দেন যে, তারা বিদায় হজের সময় রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট উপস্থিত হন, তখন তিনি সাদাকা বিতরণ করছিলেন। তারা উভয়ে তাঁর কাছে যাকাত হতে
কিছু চাইলেন। তিনি আমাদের দিকে চোখ তুলে তাকিয়ে আবার চোখ নামালেন। তিনি দেখলেন,
তারা উভয়েই স্বাস্থ্যবান। তিনি বললেন: “তোমরা চাইলে আমি তোমাদেরকে দিবো, কিন্তু
এতে ধনী ও কর্মক্ষম ব্যক্তির অংশ নেই”। [সহীহ] [এটি আবূ দাউদ ও নাসাঈ বর্ণনা করেছেন।]

বিদায় হজের সময় দুই ব্যক্তি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর কাছে এসে উভয় সদকাহ চাইল, তখন তিনি সদকা বণ্টন করতে ছিলেন, তিনি বারবার তাদের দিকে তাকালেন, যেন তাদের অবস্থা বুঝতে পারেন এবং তারা সদকাহ গ্রহণের যোগ্য কি না তা যাচাই করতে পারেন। তিনি দুইজনকে সক্ষম-যুবক দেখে বললেন: যদি তোমরা চাও, তোমাদের সদকাহ দিবো, তবে যাদের কাছে তাদের প্রয়োজন মেটানোর মত সম্পদ আছে, তারা সদকাহ পাওয়ার যোগ্য নয় এবং যারা সক্ষম শ্রম করে আয় করতে পারে, তাদেরও এতে অংশ নেই, যদিও ধনী গণ্য হওয়ার মত সম্পদ তাদের না থাকে।

http://sunnah.global/hadeeth/bn/show/65620